"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং : ৩৮.০১.০০০০.১৪০.০১৩.২০১৮-২০৬/১৪(৫৩৮) তারিখ: ২০ শ্রাবণ, ১৪২৬ / ০৪ আগস্ট, ২০১৯

বিষয়: নির্ধারিত ক্যাচমেন্ট এলাকার বাইরের শিশুদের ভর্তি করা যাবে না প্রসঙ্গে।

সূত্র: ১। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয়ের জুলাই/২০১৯ মাসের সমন্বয় সভায় গৃহীত কার্যবিবরণীর অনুচ্ছেদ ৫(ঠ) মোতাবেক।

২। সমন্বয় ও তত্ত্বাবধান সেল এর ইউওনোট নং: ৩৮.০১.০০০০.১১০.০৬.০০১.১৮.১৯৩, তারিখ: ৩১/০৭/২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয়ের জুলাই ২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীর অনুচ্ছেদ ৫(ঠ) এর আলোকে বিশেষ কোন কারণ/যৌক্তিকতা না থাকলে, নির্ধারিত ক্যাচমেন্ট এলাকার বাইরের শিশুদের বিদ্যালয়ে ভর্তি করা যাবে না। যে সকল শিশু বিদ্যালয়ের ক্যাচম্যান্ট এলাকার আওতাধীন শুধুমাত্র তাদের বিদ্যালয়ে ভর্তি করতে হবে; এবং সকল শিক্ষক ইউনিয়ন ইনফরমেশন সেন্টার হতে তাদের ক্যাচম্যান্ট এলাকার শিশুদের প্রয়োজনীয় তথ্য সংগ্রহপূর্বক বিদ্যালয়ে ভর্তি সহ বাড়ি বাড়ি গিয়ে শিশুদের অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে প্রতিবেদন দাখিল করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৩ পাতা।

৪/৮/২০১৯

মো: মাসুদ ভূঁইয়া
সহকারী পরিচালক (পলিসি ও অপা:)
মহাপরিচালকের পক্ষে

৪/৮/১৯

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।

অনুলিপি:

১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/রাজশাহী/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
২। সহকারী পরিচালক, সমন্বয় ও তত্ত্বাবধান সেল, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৩। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)।
৪। সংরক্ষণ নথি।

C:\Users\DPE_USER\Documents\Letter.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
সমন্বয় ও মনিটরিং শাখা
www.mopme.gov.bd

বিষয়: <u>প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের জুলাই ২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।</u>

গত ২২ জুলাই ২০১৯ তারিখ সোমবার সকাল ১০:০০ ঘটিকায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আকরাম-আল-হোসেন এর সভাপতিত্বে জুলাই ২০১৯ মাসের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা "পরিশিষ্ট ক"-তে সন্নিবেশ করা হলো।

২। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন। | বিগত জুন ২০১৯ মাসের কার্যবিবরণী দৃঢ়করণ করা হলো। |
| ২ | বিগত ১৯-১০-২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক এ মন্ত্রণালয় পরিদর্শনকালীন প্রদত্ত দিক নির্দেশনাসমূহ এবং ১৮-০৩-২০১৫ তারিখে অনুষ্ঠিত নিরক্ষরতা দূরীকরণ সংক্রান্ত জাতীয় টাস্কফোর্স কমিটির ১ম সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোচনা। | (ক) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহের বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি প্রতি মাসের ৫ তারিখের মধ্যে অধীন দপ্তরসমূহ হতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>বাস্তবায়নে : সকল ডিজি এবং উপসচিব (সওম)।<br><br>(খ) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহ বাস্তবায়নের সর্বশেষ অগ্রগতি প্রধানমন্ত্রীর কার্যালয়ের ওয়েবসাইটে নিয়মিতভাবে আপলোড করতে হবে।<br><br>বাস্তবায়নে: উপসচিব (সওম)। |
| ৩ | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অগ্রগতি ও পরবর্তী করণীয় সম্পর্কে আলোচনা। | ক) শিক্ষক ও শিক্ষিকা কর্তৃক বিদ্যালয়ের শিক্ষার্থীদের উপর শারীরিক ও মানসিক নির্যাতনের ঘটনা এবং এ বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে মন্ত্রণালয়ের ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই।<br><br>(খ) দেশব্যাপী প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে যে সমস্ত অনিয়ম গণমাধ্যম, ডাকযোগে, এসএমএস, সামাজিক যোগাযোগ মাধ্যম বা যেকোন মাধ্যমে রিপোর্ট করা হয় সে ব্যাপারে গৃহীত/গৃহীতব্য পদক্ষেপসহ যথাশীঘ্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে এবং অভিযোগসমূহ তদন্তপূর্বক মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে।<br><br>বাস্তবায়নে : ডিজি (সকল); জনসংযোগ কর্মকর্তা, প্রাগম।<br><br>(গ) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত পত্রিকায় প্রকাশিত সকল রিপোর্টের প্রেস ক্লিপিং মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের নিকট তাৎক্ষণিকভাবে উপস্থাপন করতে হবে।<br><br>বাস্তবায়নে: জনসংযোগ কর্মকর্তা, প্রাগম।<br><br>(ঘ) মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মেন্টরগণকে প্রতি মাসে ২ বার বাধ্যতামূলকভাবে মাঠ পর্যায়ে বিদ্যালয় পরিদর্শন করে প্রতিবেদন পেশ করতে হবে।<br><br>বাস্তবায়নে : সকল মেন্টর। |

| ক্র. নং | বিষয় | সিদ্ধান্ত |
| --- | --- | --- |
| | | (ছ) মন্ত্রণালয়ের লাইব্রেরিতে রক্ষিত নিয়োগ সংক্রান্ত কাগজপত্র আর্কাইভিংয়ের জন্য ঢাকা পিটিআইতে প্রেরণ করতে হবে। এজন্য একটি কমিটি গঠন করা হলো:<br>১. উপসচিব (প্রশাসন-২, প্রাগম- আহ্বায়ক<br>২. পরিসংখ্যান কর্মকর্তা, প্রাগম- সদস্য<br>৩. সিস্টেম এনালিস্ট, প্রাগম- সদস্য সচিব<br><br>বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি।<br><br>(জ) আগামী ২১ আগস্ট ২০১৯ তারিখে ৬৪ জেলার শ্রেষ্ঠ শিক্ষকদের অংশগ্রহণে ঢাকা পিটিআইতে সচিব মহোদয়ের সভাপতিত্বে মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ বিষয়ক মতবিনিময় সভা আয়োজন করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই।<br><br>(ঝ) মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সভাপতির ন্যূনতম যোগ্যতা স্নাতক ডিগ্রি নির্ধারণের লক্ষ্যে ডিপিই হতে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই।<br><br>(ঞ) মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারগণ যেন স্থানীয় পর্যায়ে বিদ্যালয়ের উন্নয়ন কার্যক্রম নিবিড়ভাবে পরিবীক্ষণকরত বিল অনুমোদন করেন সেজন্য ডিজি, ডিপিই উপজেলা নির্বাহী অফিসারগণের সাথে যোগাযোগ করবেন।<br><br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই।<br><br>(ট) প্রতি বছর ২৩ জুলাই তারিখে পাবলিক সার্ভিস দিবস পালনের লক্ষ্যে মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই।<br><br>(ঠ) বিশেষ কোন কারণ/যৌক্তিকতা না থাকলে, নির্ধারিত ক্যাচমেন্ট এলাকার বাইরের শিশুদের বিদ্যালয়ে ভর্তি করা যাবে না। যে সকল শিশু বিদ্যালয়ের ক্যাচমেন্ট এলাকার আওতাধীন শুধুমাত্র তাদের বিদ্যালয়ে ভর্তি করতে হবে; এবং সকল শিক্ষক ইউনিয়ন ইনফরমেশন সেন্টার হতে তাদের ক্যাচমেন্ট এলাকার শিশুদের প্রয়োজনীয় তথ্য সংগ্রহপূর্বক বিদ্যালয়ে ভর্তিসহ বাড়ি বাড়ি গিয়ে শিশুদের অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে প্রতিবেদন দাখিল করতে হবে। এ বিষয়ে সকল জেলা প্রাথমিক শিক্ষা অফিসারদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই। |
| ৬ | পেন্ডিং বিষয়াদি নিষ্পত্তিকরণ। | (ক) দপ্তর ও সংস্থাসমূহে মন্ত্রণালয়ের অনিষ্পন্ন পত্রের তালিকা এবং মন্ত্রণালয়ে দপ্তর ও সংস্থাসমূহের অনিষ্পন্ন পত্রের হালনাগাদ তালিকা প্রতিমাসের ১৫ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এ বিষয়ে কার্যক্রম আরো জোরদার করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি (সকল)।<br><br>(খ) মন্ত্রণালয়ের সকল শাখা ও অধিশাখা প্রতিমাসের ১৫ তারিখের মধ্যে অনিষ্পন্ন বিষয়সমূহের হালনাগাদ তালিকা ও ২২ তারিখের মধ্যে এতদসংক্রান্ত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ইউনিকোড ফন্টে টাইপ করে সমন্বয় ও মনিটরিং শাখায় প্রেরণ করতে হবে। এছাড়া, তিন মাসের অধিক সময়কালে পেন্ডিং বিষয়সমূহের উপর পৃথক ব্যাখ্যা প্রদান করতে হবে। এ বিষয়ে কার্যক্রম আরো জোরদার করতে হবে।<br><br>বাস্তবায়নে: সকল শাখা/অধিশাখা প্রধান। |